

# লক্ষ্মীপুরে ১৫৫ প্রাথমিকে প্রধান শিক্ষক নেই

সংবাদ : জেলা বার্তা পরিবেশক, লক্ষ্মীপুর

| ঢাকা, শনিবার, ১২ মে ২০১৮

প্রধান শিক্ষক ছাড়াই চলছে লক্ষ্মীপুরে ১৫৫টি প্রাথমিক বিদ্যালয়। সহকারী শিক্ষক দিয়ে চলছে এসব প্রতিষ্ঠানের কার্যক্রম। এতে করে বিদ্যালয়ের প্রশাসনিক কর্মকাণ্ডে নানা সমস্যা সহ ব্যাহত হচ্ছে পাঠদান। লক্ষ্মীপুর জেলার ৫টি উপজেলায় ৭৩২টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এরমধ্যে প্রধান শিক্ষক পদ শূন্য রয়েছে ১৫৫টিতে। এসব প্রতিষ্ঠানে প্রধান শিক্ষকদের দায়িত্ব পালন করছেন সহকারী শিক্ষকরা। এতে বিদ্যালয়ের পাঠদান ব্যাহতের পাশাপাশি প্রশাসনিক কর্মকাণ্ডেও হচ্ছে নানা সমস্যা। বিদ্যালয়গুলোতে অতিরিক্ত শ্রেণী ক্লাস নিতে গিয়েও হিমশিম খেতে হয় কর্মরত শিক্ষকদের। প্রাথমিক বিদ্যালয়ে সরাসরি ৩২ ভাগ প্রধান শিক্ষক নিয়োগ দিচ্ছে সরকার। আর ৬৫ ভাগ নিয়োগের ক্ষেত্রে পদোন্নতির মামলাজনিত কারণে পদক্ষেপ নেয়া যাচ্ছে না। এছাড়া অবসরজনিত কারণেও শূন্য হচ্ছে এ পদ। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয় সূত্র জানায়, জেলা সদর, রামগঞ্জ, রায়পুর, কমলনগর ও রামগতি উপজেলায় এসব

প্রাতিষ্ঠানে অধ্যয়নরত রয়েছে ২ লাখ ৪০ হাজার ৫৯৪ জন ছাত্রছাত্রী। বিদ্যালয়গুলোতে ভর্তির হার শতকরা ৯৯. ৯৭। সদরে ৮৪, রামগঞ্জে ৩০, রায়পুর ৫, কমলনগরে ১৪ ও রামগতিতে ১৮টিসহ মোট ১৫৫টির প্রধান শিক্ষক নেই। মানসম্মত শিক্ষা ব্যবস্থা নিশ্চিত করতে শূন্যপদগুলো দ্রুত পূরণ করার দাবি জানিয়েছেন শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকরা। শিক্ষকরা জানান, দীর্ঘসময় থেকে প্রধান শিক্ষক না থাকায় শিক্ষা কার্যক্রমের পাশাপাশি সমস্যা পড়তে হয় প্রশাসনিক কাজেও।